গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ হাবিবুর রহমান খান, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সচিবের দায়িত্বে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩২, ভবন-৩)।
তারিখ ও সময় : ২৬.০৯.২০১৯ খ্রিঃ, বেলা: ০৩:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট-'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি নবযোগদানকৃত রীনা পারভীন, অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে সবার সাথে পরিচয় করিয়ে দেন। তিনি সরকারি সেবা প্রতিষ্ঠানসমূহে সেবাধর্মী আচরণ প্রতিষ্ঠার জন্য কর্তব্যনিষ্ঠা, সততা এবং জবাবদিহিতার গুরুত্ব তুলে ধরেন। মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিতভাবে প্রেরণের নিমিত্তে কর্ম-পরিকল্পনা অনুযায়ী (জুলাই'২০১৯-সেপ্টেম্বর'২০১৯) ১ম কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন সংশ্লিস্ট সকল শাখা/অধিশাখা এবং অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে প্রশাসন-৪ অধিশাখায় ০৫ অক্টোবর ২০১৯ মধ্যে প্রেরণের জন্য অনুরোধ জানান।

২. অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:
বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও পর্যালোচনা:

০৩. **বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ** জনাব ড. বিলকিস বেগম, উপসচিব (প্রশাসন-৪) সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

০৪. বিগত সভার **সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি ও পর্যালোচনা:**

(ক) **আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কার:** ড. বিলকিস বেগম, উপসচিব (প্রশাসন-৪) জানান, ঢাকা শিশু হাসপাতাল আইন-২০১৯ ও স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন-২০১৯ অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(খ) ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার :

১. **শতভাগ ই-টেন্ডারিং চালু :** স্বাস্থ্য প্রকৌশল বিভাগের প্রতিনিধি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর শতভাগ ই-টেন্ডারিং চালু করা হয়েছে মর্মে জানান। ঔষধ প্রশাসনের প্রতিনিধি তাদের ক্রয়কার্য সিএমএসডি করে মর্মে জানান। জনাব আহমেদ লতিফুল ইসলাম, সিস্টেম এনালিস্ট জানান যে, স্বাস্থ্য সেবা বিভাগের ই-টেন্ডারিংয়ের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগসহ সকল অধিদপ্তরকে শতভাগ ই-টেন্ডারিং বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

**গ) ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ :**

১. **স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবা বক্স হালনাগাদকরণ :** ড. বিলকিস বেগম, উপসচিব (প্রশাসন-৪) তথ্য অধিকার সম্পর্কে কর্মকর্তাদের জানাতে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। শাহিনা খাতুন,

যুগ্মসচিব (প্রশাসন-১) অনলাইনে প্রশিক্ষণের বিষয়টি উপস্থাপন করেন। সভাপতি এ বিষয়ে একটি ওয়ার্কশপের আয়োজন করার মাধ্যমে হাতে কলমে প্রশিক্ষণের নির্দেশনা প্রদান করেন।

২. GRS সেবা বক্স হালনাগাদকরণ : শাহিনা খাতুন, যুগ্মসচিব (প্রশাসন-১) বলেন GRS বক্সে কিছু অভিযোগ পাওয়া গেছে সেগুলোর নিষ্পত্তি প্রক্রিয়াধীন রয়েছে।

ঘ) প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার :

**১. এডিপি বাস্তবায়ন অগ্রগতি** : জনাব হুজুর আলী, উপপ্রধান, পরিকল্পনা অনুবিভাগ প্রথম কোয়ার্টার পর্যন্ত প্রকল্পের অগ্রগতি ১২% হয়েছে মর্মে জানান।

ঙ) স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ :

**১. সিটিজেনস চার্টার বাস্তবায়ন অগ্রগতি** : শাহিনা খাতুন, যুগ্মসচিব (প্রশাসন-১) সিটিজেন চার্টার বাস্তবায়নের বিষয়ে সকল অনুবিভাগ, অধিদপ্তর/দপ্তরকে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

**২. শাখা/অধিশাখা ও আওতাধীন/অঃধস্তন কার্যালয় পরিদর্শন** : উপসচিব (প্রশাসন-৪) শাখা পরিদর্শনের সময় কক্ষের স্বল্পতা তুলে ধরলে সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের অধীনে কক্ষ বরাদ্দের জন্য গণপূর্তকে চাহিদা পত্র লিখতে প্রশাসন-২ কে নির্দেশনা প্রদান করেন।

**৩. নথির শ্রেণী বিন্যাস:** সভাপতি মহোদয় সকল অধিশাখা ও শাখাকে সচিবালয় নির্দেশনা-২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাস করতে অনুরোধ জানান।

**৪. হাসপাতালসমূহে ক্রয়কৃত ভারী যন্ত্রপাতি স্থাপন পরবর্তী ব্যবহার কার্যক্রম পরিদর্শন** : জনাব মোঃ সিরাজুল ইসলাম, অতিরিক্ত সচিব (বাজেট) হাসপাতালসমূহে ক্রয়কৃত ভারী যন্ত্রপাতি ব্যবহার কার্যক্রম পরিদর্শনে মাননীয় মন্ত্রীর নির্দেশনা রয়েছে মর্মে সভাকে জানান। সভাপতি মহোদয় হাসপাতালে ব্যবহৃত ভারী যন্ত্রপাতির একটি তালিকা তৈরি করতে হাসপাতাল অনুবিভাগকে নির্দেশনা দেন। যন্ত্রপাতি পরিদর্শনের সময় পরিদর্শন প্রতিবেদনে স্বাক্ষর করে আসার পরামর্শ দেন।

**৫. পেনশন কার্যক্রম পরিদর্শন** : সভাপতি মহোদয় প্রশাসন-১ কে অধিদপ্তর/দপ্তরসমূহের পেনশনের তথ্য জানতে পরিদর্শনের কথা বলেন।

**৬. ঔষধের খুচরা মূল্য ওয়েবসাইটে প্রকাশ:** ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রতিনিধি ঔষধের নির্দেশকমূলক খুচরা মূল্য ওয়েবসাইটে দেওয়া হয়নি মর্মে জানান। সভাপতি মহোদয় প্রয়োজনে ঔষধ নীতিমালা সংশোধন করে নির্দেশকমূলক খুচরা মূল্য ওয়েবসাইটে দ্রুত প্রকাশ করার নির্দেশনা প্রদান করেন।

**৭. ডিজিটাল হাজিরা** : জনাব আহমেদ লতিফ, সিস্টেম এনালিস্ট হাজিরা মেশিনে রিপোর্ট বের করতে সমস্যা হচ্ছে। এব্যাপরে ভেন্ডরের সাথে যোগাযোগ করা হয়েছে। শীঘ্রই সমস্যার সমাধান করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

**৮. দাপ্তরিক কাজে নিকস ফন্টের ব্যবহার:** সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তরসমূহে নিকস ফন্টের ব্যবহার বাধ্যতামূলক করা নির্দেশনা দেন। তিনি নিকস ব্যতিত অন্য ফন্টে প্রতিবেদন গ্রহণ করা হবে না মর্মে সকল অধিদপ্তর/দপ্তরসমূহে অবহিত করারও নির্দেশনা প্রদান করেন।

(চ) মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমঃ

**১. প্রশিক্ষণ, ওয়ার্কশপ ইত্যাদিঃ** জনাব ড. বিলকিস বেগম (প্রশাসন-৪) জানান যে, ইনোভেশন, ই-ফাইলিং ও শুদ্ধাচারের উপর প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা প্রক্রিয়াধীন।

**২. শুদ্ধাচার বিষয়ক পুরস্কার:** উপসচিব (প্রশাসন-৪) জানান স্বাস্থ্য সেবা বিভাগ হতে জনাব এ কে এম ফজলুল হক, যুগ্মসচিব (পার) এবং শেখ মোঃ রজব আলী, পরিসংখ্যান কর্মকর্তাকে জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০১৮-২০১৯ এ ভূষিত করা হয়।

**৩. শুদ্ধাচার বিষয়ক বাজেট** : উপসচিব-৪ জানান জাতীয় শুদ্ধচার কৌশল বাস্তবায়নের যাবতীয় খরচ বহন করার জন্য ২০১৯-২০২০ অর্থবছরে শুদ্ধাচার খাতে ২০ (বিশ) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

৩. বিবিধ : ড. বিলকিস বেগম, উপসচিব (প্রশাসন-৪) স্বাস্থ্য সেবা বিভাগে উত্তম চর্চা বাস্তবায়নের বিষয়টি তুলে ধরেন। রীনা পারভীন অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, স্বাস্থ্য সেবা বিভাগের টয়লেট পরিষ্কার করার জন্য নিয়মিত পরিষ্কার করা হয় কিনা তা তদারকি বৃদ্ধি করার পরামর্শ দেন। শাহিনা খাতুন, যুগ্মসচিব (প্রশাসন-১)

আউটসোর্সিংয়ের মাধ্যমে লোক নিয়োগ এবং একজনকে মনিটরিং করার দায়িত্ব দেওয়ার পরামর্শ দেন। সভাপতি মহোদয় স্বাস্থ্য সেবা বিভাগের টয়লেট পরিচ্ছন্নতা রাখার বিষয়টি একটি বড় চ্যালেঞ্জ বলে অবহিত করেন। তিনি গণপূর্তের উপর নির্ভর না করে আউট সোর্সিংয়ের মাধ্যমে নতুন লোক নিয়োগের ব্যাপারে প্রশাসন-২ কে যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

৪. গৃহীত সিদ্ধান্তসমূহ:

| ক্র:নং: | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.১ | স্বাস্থ্য সেবা বিভাগসহ সকল অধিদপ্তরকে শতভাগ ই-টেন্ডারিং বাস্তবায়ন করতে হবে। | সকল অধিদপ্তর/দপ্তর |
| ৪.২ | তথ্য অধিকার সংক্রান্ত একটি ওয়ার্কশপের আয়োজন করার মাধ্যমে কর্মকর্তাদের হাতে কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে; | প্রশাসন-২/প্রশাসন-৪ |
| ৪.৩ | স্বাস্থ্য সেবা বিভাগের অধীনে কক্ষ বরাদ্দের জন্য গণপূর্তকে চাহিদা পত্র লিখতে হবে; | প্রশাসন-২ |
| ৪.৪ | অধিশাখা ও শাখাকে সচিবালয় নির্দেশনা-২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাস করতে হবে; | সকল অধিশাখা/শাখা |
| ৪.৫ | হাসপাতাল অনুবিভাগ হাসপাতালে ব্যবহৃত ভারী যন্ত্রপাতির একটি তালিকা তৈরি করবে; যন্ত্রপাতি পরিদর্শনের সময় পরিদর্শন প্রতিবেদনে স্বাক্ষর করতে হবে; | হাসপাতাল অনুবিভাগ |
| ৪.৬ | প্রশাসন-১ কে অধিদপ্তর/দপ্তরসমূহের পেনশনের কার্যক্রম পরিদর্শন করতে হবে; | প্রশাসন-১ |
| ৪.৭ | প্রয়োজনে ঔষধ নীতিমালা ২০১৪ সংশোধন করে নির্দেশক খুচরা মূল্য ওয়েবসাইটে দ্রুত প্রকাশ করতে হবে; | ঔষধ প্রশাসন অধিদপ্তর |
| ৪.৯ | সকল অধিদপ্তর/দপ্তরসমূহে নিকস ফন্টের ব্যবহার বাধ্যতামূলক করতে হবে; | সকল অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ৪.১০ | গণপূর্তের উপর নির্ভর না করে আউট সোর্সিংয়ের মাধ্যমে নতুন লোক নিয়োগের মাধ্যমে টয়লেটের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে; | প্রশাসন-১/প্রশাসন-২ |

৫. আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাবিবুর রহমান খান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
সচিবের দায়িত্বে
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়